



প্রেস রিলিজ

০২ মার্চ ২০২২



বাউবিতে শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ‘শুদ্ধাচার; স্বচ্ছতা ও জবাবদিহিতা’ শীর্ষক জুম ওয়েবিনার

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ২৮ ফেব্রুয়ারি ২০২২ সোমবার রাত ৮ টায় ‘শুদ্ধাচার; স্বচ্ছতা ও জবাবদিহিতা’ শীর্ষক এক জুম ওয়েবিনার অনুষ্ঠিত হয়। জুম ওয়েবিনারে সভাপতিত্ব করেন বাউবির ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল। ওয়েবিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন। তিনি বলেন বাউবিতে শুদ্ধাচার, সুশাসন ও জবাবদিহিতা ও স্বচ্ছতা প্রতিষ্ঠা করতে হবে এবং দুর্নীতি দমন, সুশাসন ও শুদ্ধাচারের মাধ্যমে সোনার বাংলা গড়ার প্রত্যয় নিয়ে আমাদের এগিয়ে যেতে হবে।

সভাপতির বক্তব্যে অধ্যাপক আজাদ অর্থনৈতিক সমৃদ্ধি, সামাজিক সাম্য ও সুবিচার নিশ্চিত করার লক্ষ্যে রাষ্ট্রের কাঠামোকে শক্তিশালী করতে নিজ প্রতিষ্ঠানে আগে শুদ্ধাচার বাস্তবায়নের তাগিদ দেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলম, স্কুল অব এডুকেশনের ডিন অধ্যাপক সুফিয়া বেগম এবং ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল এর পরিচালক অধ্যাপক মো: আনোয়ারুল ইসলাম উপস্থিত ছিলেন। জুম ওয়েবিনার-এ রিসোর্স পারসন হিসেবে ভার্চুয়ালি উপস্থিত ছিলেন মন্ত্রিপরিষদ বিভাগের কর্মসম্পাদন নীতি ও মূল্যায়ন অধিশাখার যুগ্ম সচিব মো: মামুনুর রশীদ ভূঞা।

বিশ্ববিদ্যালয়ের সকল ডিন, পরিচালক, শিক্ষক, আঞ্চলিক পরিচালক ও উপ-আঞ্চলিককেন্দ্র প্রধানগণ এবং বিভিন্ন স্তরের কর্মকর্তা, কর্মচারীগণ ভার্চুয়ালি উপস্থিত ছিলেন।

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল ০১৭১২৫৯৯৫০৪